ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৮২

আগরতলা, ১৬ সেপ্টেম্বর,২০২৫

# প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'আগরতলা-সাব্রুম সড়ক, গতি নিয়ন্ত্রণের বদলে নাকা পয়েন্ট তৈরি করছে মৃত্যুফাঁদ' শিরোনামে ০৪-০৯-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে এক স্পষ্টিকরণ দিয়ে উত্তর ত্রিপুরা জেলার পুলিশ সুপার জানিয়েছেন যে, নাকা পয়েন্টগুলি সাধারণত জনগণের নিরাপত্তা সুনিশ্চিত করা ও যানবাহন চলাচল নিয়ন্ত্রণে রাখার জন্য তৈরি করা হয়েছে। যানবাহন ও যাত্রীদের সুবিধার্থে লোহার ব্যারিকেডগুলি রাস্তার এক পাশে বসানো হয়েছে। ব্যারিকেডগুলি এমনভাবেই বসানো হয়েছে যাতে হাইস্পিড সম্পন্ন গাড়িগুলির সাথে সংঘর্ষ না ঘটে। তাছাড়া রিফ্লেক্টিভ পেইন্ট এবং মার্কার ব্যবহার করে এগুলির দৃশ্যমানতা বাড়ানো হচ্ছে। আরও বেশি বিজ্ঞানসম্মত যান নিয়ন্ত্রণ ও পরীক্ষা করার পদ্ধতি গ্রহণ করার জন্য পুলিশ প্রশাসন উদ্যোগ নিয়েছে। নাকা পয়েন্টে সি.সি.টি.ভি. ক্যামেরা বসানোর বিষয়ও বিবেচনাধীন রয়েছে। নাকা পয়েন্টে ভিড় কমাতে বিনা কারণে দেরি না করে যানবাহনের পরীক্ষা দ্রুত সম্পন্ন করার চেষ্টা চালানো হচ্ছে। পুলিশ প্রশাসন জনসাধারণের নিরাপত্তা ও স্বাভাবিক চলাচল নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ। আইন বলবৎ ও জনসুবিধার মধ্যে ভারসাম্য বজায় রাখার জন্য উপযুক্ত ব্যবস্থা নেওয়া হচ্ছে। তাছাড়া কোনও নাকা পয়েন্ট থেকে এরকম ঘটনার খবর পাওয়া যায়নি।

*****